

তারিখ... 22 DEC 2002

পৃষ্ঠা - ১১ - কক্ষ - ৭

ভোরে কাক

এসএসসি পরীক্ষা দেওয়ার দাবিতে অনশন

চট্টগ্রাম অফিস : এসএসসি পরীক্ষা দেওয়ার দাবিতে চট্টগ্রামে ৬০০ ছাত্রছাত্রী কাল সোমবার থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করতে যাচ্ছে। চট্টগ্রাম সিটি করপোরেশন পরিচালিত স্কুলসমূহের নির্বাচনী পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ছাত্রছাত্রীরা, গতকাল শনিবার মানববন্ধন কর্মসূচি শেষে এই আমরণ অনশন কর্মসূচি ঘোষণা করে।

প্রেসক্রাব চত্বরে মানববন্ধন কর্মসূচি শেষে আয়োজিত সমাবেশে বক্তারা বলেন, সিটি করপোরেশন পরিচালিত স্কুলসমূহে পর্যাপ্ত শিক্ষক, শ্রেণীকক্ষ ও অংক, ইংরেজি, বিজ্ঞানের মতো গুরুত্বপূর্ণ বিষয়ের শিক্ষকের অভাব রয়েছে। কর্তৃপক্ষ বাস্তব সমস্যার সমাধান না করে এক বিষয়ে অকৃতকার্যদের পরীক্ষার সুযোগ দিচ্ছে না।